

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
প্রধান প্রকৌশলীর কার্যালয়
গণপূর্ত অধিদপ্তর
পূর্ত ভবন, সোজনবাগিচা, ঢাকা
ফোনঃ ৯৫৬২৭৯৫, ফ্যাক্স : ৮৮-০২-৯৫৬২৯১৩
www.pwd.gov.bd

স্মারক নং-২৫.৩৬.০০০০.২২০.২০.০০২.১৬/০০০(২২) হি-১

তারিখঃ ২৭/০৮/২০১৬
১০/০৯/২০১৭

বরাবর,

তত্ত্বাবধায়ক প্রকৌশলী

ঢাকা গণপূর্ত সার্কেল-১/ ২/ ৩/ ৪/ সাতার/ রক্ষণাবেক্ষণ/ ই-এম সার্কেল-১/ ২/ ৩/ প্রকল্প সার্কেল-১, ঢাকা/ ময়মনসিংহ/ চট্টগ্রাম-১/ ২/ ই-এম চট্টগ্রাম/ কুমিল্লা/ সিলেট/ রাজশাহী/ রংপুর/ বগুড়া/ বরিশাল/ খুলনা/ যশোর।

বিষয়ঃ ২০১৬-২০১৭ আর্থিক সালে হিসাবের কোড নং-৩-৩২৫১-০০০০-৪৯২৩-সরকারি স্থাপনা মেরামত ও সংরক্ষণ খাতের ১ম কিস্তির অর্থ বরাদ্দ।

- সূত্রঃ ১। গৃহায়ন ও গণপূর্ত মন্ত্রণালয়ের স্মারক নং-২৫.১৭.০০২.০০.০০.০১০.২০১৫-১৬ তারিখঃ ০৯/০১/২০১৭খ্রিঃ।
২। গৃহায়ন ও গণপূর্ত মন্ত্রণালয়ের স্মারক নং-২৫.১৭.০০২.০০.০০.০১০.২০১৫-১৭ তারিখঃ ০৯/০১/২০১৭খ্রিঃ।
৩। প্রধান হিসাব রক্ষণ কর্মকর্তা, গৃহায়ন ও গণপূর্ত মন্ত্রণালয়ের স্মারক নং-২০০৮ তারিখঃ ১০/০১/২০১৭খ্রিঃ।

উপর্যুক্ত বিষয় ও সূত্রস্থ স্মারকসমূহের প্রেক্ষিতে, বর্ণিত খাতে চলতি ২০১৬-২০১৭ আর্থিক সালে খরচ করিবার জন্য ১ম কিস্তি বাবদ-৯১৫০.৬২৫ লক্ষ (একানব্বই কোটি পঞ্চাশ লক্ষ বাষট্টি হাজার পাঁচশত) টাকা মাত্র সংযুক্ত তালিকা মোতাবেক বরাদ্দ করা হইল।

উক্ত খরচ হিসাবের কোড নং-৩-৩২৫১-০০০০-৪৯২৩-সরকারি স্থাপনা মেরামত ও সংরক্ষণ খাতে ২০১৬-২০১৭ আর্থিক সালের বাজেট বরাদ্দ হইতে সংকুলান করিতে হইবে।

উক্ত অর্থ বরাদ্দ সম্পর্কে প্রধান প্রকৌশলী, গণপূর্ত অধিদপ্তর, ঢাকা এর সম্মতি রহিয়াছে।

উক্ত অর্থ সকল প্রকার আর্থিক বিধি-বিধান, নিয়মাদির যথাযথভাবে পর্যবেক্ষণ/ পালন পূর্বক খরচ করিবার নিমিত্তে সংশ্লিষ্ট গণপূর্ত বিভাগের নিবাহী প্রকৌশলীর নিকট বরাদ্দ প্রদান করিয়া সাথে সাথে অত্র অধিদপ্তরকে জানাইতে অনুরোধ করা যাইতেছে। উক্ত অর্থ খরচ করিবার পূর্বে নিম্নোক্ত শর্তসমূহ আবশ্যিকভাবে অনুসরণ/পালন করিতে হইবেঃ

শর্তসমূহঃ-

- ২০১৬-২০১৭ অর্থ বছরে বার্ষিক কর্মপরিকল্পনার টেন্ডার কমিটির সম্মানী, টেন্ডার ডকুমেন্ট প্রস্তুতকরণ ব্যয়, শ্রমিক মজুরী অর্থাৎ সরকারি স্থাপনা মেরামত ও সংরক্ষণ ব্যয় ব্যতীত অন্যান্য ব্যয় অন্তর্ভুক্ত করা হইয়া থাকিলে তা বাদ দিতে হইবে। অর্থাৎ এ ধরনের কাজের জন্য প্রস্তাবিত অর্থ চলতি ২০১৬-২০১৭ অর্থ বছরের সংশোধিত বার্ষিক কর্মপরিকল্পনার সরকারি বুকভুক্ত স্থাপনা মেরামত ও সংরক্ষণ সংশ্লিষ্ট যথাযথ কাজের বিপরীতে বিভাজন করিতে হইবে।
- মন্ত্রণালয়ের চলমান প্রকল্প/ কর্মসূচিসমূহের ব্যয়ের সাথে এ ব্যয়ের দ্বৈততা পরিহার করিতে হইবে। এ ছাড়াও লিপিত ২০১৫-২০১৬ অর্থ বছরে মেরামত কাজ করা হইয়াছে এমন কাজের সাথে দ্বৈততা সৃষ্টি করে এ ধরনের কাজ ২০১৬-২০১৭ অর্থ বছরের কর্মপরিকল্পনার অন্তর্ভুক্ত হইয়া থাকিলে তা বাদ দিতে হইবে।
- ৩য় কিস্তির অর্থ ছাড়ের প্রস্তাবের সাথে অনশ্যই ১ম ও ২য় কিস্তি বাবদ ছাড়কৃত অর্থের ব্যয় বিবরণী প্রেরণ করিতে হইবে।
- ছাড়কৃত অর্থ ব্যয়ের ক্ষেত্রে পিপিএ, ২০০৬ ও পিপিআর, ২০০৮ (সংশোধনীসহ) এবং অর্থ বিভাগের ১৮/০১/২০১০ তারিখের অম/অবি/বা-১/বিবিধ(৩৮)/২০০৭/১০ নম্বর পরিপত্র যথাযথভাবে অনুসরণ ও প্রতিপালন করিতে হইবে।
- ছাড়কৃত অর্থ ছাড়া পূর্ববর্তী বছর/ বছরসমূহের কোনরূপ বকেয়া পরিশোধ করা যাইবে না।
- অর্থ বিভাগ কর্তৃক অনুমোদিত বিভাজন অনুযায়ী ব্যয় নিশ্চিত করিতে হইবে।
- ছাড়কৃত অর্থ ব্যয়/বিল পরিশোধের ক্ষেত্রে ভবিষ্যতে কোন অনিয়ম উদ্ঘাটিত হইলে সংশ্লিষ্ট বিল পরিশোধকারী কর্তৃপক্ষ দায়ী থাকিবেন।
- চলতি অর্থ বছর শেষে ৩-৩২৫১-০০০০-৪৯২৩ কোডের বিপরীতে ছাড়কৃত সমুদয় অর্থের ডিভিশনওয়ারী কাজের তালিকাসহ ব্যয় বিবরণী যথাযথ কর্তৃপক্ষের মাধ্যমে অর্থ বিভাগে প্রেরণ করিতে হইবে।

সংযুক্তিঃ অর্থ বরাদ্দের তালিকা-০২(দুই) পাতা (উক্ত পৃষ্ঠা)।

২০.০২.১৭

(মোসলেহ উদ্দীন আহাম্মদ)

তত্ত্বাবধায়ক প্রকৌশলী (সমন্বয়)
গণপূর্ত অধিদপ্তর, ঢাকা।

ফোনঃ ৯৫৬৮৯১৪, ফ্যাক্স : ৯৫৫৪৬২৪

coord@pwd.gov.bd

চলমান পাতা-২

